

রূপালী ব্যাংক পিএলসি

পরিকল্পনা ও গবেষণা বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রকা/পগ/অফিস আদেশ/২০২৪/১৬


তারিখ : ০৩-০৯-২০২৪

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২৫ প্রণয়ন করেছে। উক্ত নির্দেশিকা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ওয়েবসাইটে আপলোড ও প্রকাশ্যে প্রদর্শন নিশ্চিত করতে হবে। হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবার আবেদন অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা মূল্য, সেবার জন্য প্রয়োজনীয় আবেদনের ফরমেট/প্রস্তাবের ফরমেট লিংকসহ সংযুক্তকরণ, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগ নম্বরসহ সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উক্ত নির্দেশনা পরিপালনের নিমিত্ত ত্রৈমাসিক ভিত্তিতে এ ব্যাংকের আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে নিম্নোক্ত নির্বাহী/কর্মকর্তাদের সমন্বয়ে তদারকি কমিটি গঠন করা হলো -

ক্রমিক নম্বর	পদবী ও দায়িত্বপ্রাপ্ত বিভাগ	কমিটিতে পদবী
১.	মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) প্রধান কার্যালয়, ঢাকা	সভাপতি
২.	উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
৩.	উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশনস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
৪.	সহকারী মহাব্যবস্থাপক, মার্কেটিং বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য
৫.	উপমহাব্যবস্থাপক, পরিকল্পনা ও গবেষণা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা	সদস্য সচিব


(পার্বিনুমা আলম)

উপব্যবস্থাপনা পরিচালক



অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত), রূপালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা;
- উপমহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক পিএলসি, আইসিটি সিস্টেমস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
- উপমহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক পিএলসি, আইসিটি অপারেশনস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
- সহকারী মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক পিএলসি, মার্কেটিং বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;
- উপমহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক পিএলসি, পরিকল্পনা ও গবেষণা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।